# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College affiliated to University of Calcutta)

**B.A./B.Sc. FIFTH SEMESTER EXAMINATION, DECEMBER 2015**
**THIRD YEAR**
**BENGALI (Honours)**

Date : 14/12/2015
Time : 11 am – 3 pm
Paper : V
Full Marks : 84

প্রতিটি বিভাগের জন্য পৃথক পৃথক উত্তরপত্রের ব্যবহার আবশ্যিক। বিভাগ-'খ' -এর উত্তর নির্দিষ্ট উত্তরপত্রে লিখতে হবে। পরীক্ষা-পরিদর্শক পরীক্ষা শুরু হওয়ার ২৫ মিনিট পর বিভাগ-'খ' -র উত্তরপত্র সংগ্রহ করবেন ছাত্রদের কাছ থেকে।

## বিভাগ - ক

১। গদ্যশিল্পী হিসেবে অবনীন্দ্রনাথ ঠাকুর **অথবা** প্রাবন্ধিক হিসেবে বুদ্ধদেব বসুর বিশিষ্টতা নিয়ে আলোচনা করো। (১১)

২। টীকা লেখো ঃ (যে কোন **একটি**) (১ × ৪)
আলালের ঘরের দুলাল, বিবিধ প্রবন্ধ

৩। বাংলা সাময়িকপত্রের ইতিহাসে সাধনা **অথবা** বিচিত্রা পত্রিকার গুরুত্ব নিয়ে আলোচনা করো। (১১)

৪। টীকা লেখো ঃ (যে কোন **একটি**) (১ × ৪)
সংবাদ প্রভাকর **অথবা** এক্ষণ

৫। 'পথের পাঁচালী' উপন্যাসে ইন্দির ঠাকরুণ চরিত্রটির প্রাসঙ্গিকতা নিয়ে আলোচনা করো। (১০)

**অথবা**

"তুমি বড্ড হাঁ-করা ছেলে, যা দেখো তাতেই হাঁ করে থাকো কেন অমন?"
এই উক্তিটির মধ্যে কি অপু চরিত্রের মূল বৈশিষ্ট্যটি নিহিত? —আলোচনা করো। (১০)

৬। "হাস্‌চো কেন খোকা, এটা কি নাট্যশালা?"
—কার উক্তি? কেন এই উক্তি? (১ + ১)

**অথবা**

'হরিহর বাড়ির চিঠি পায় নাই।'
হরিহর কে? বাড়ির চিঠিতে কোন সংবাদ ছিলো? (১ + ১)

৭। আঞ্চলিক উপন্যাস হিসেবে 'পদ্মানদীর মাঝি'-কে বিবেচনা করা যায় কী না, আলোচনা করো। (১০)

**অথবা**

'পদ্মানদীর মাঝি' উপন্যাসে হোসেন মিঞা চরিত্রটি রহস্যময়তার দ্যোতক হয়ে উঠেছে—আলোচনা করো। (১০)

৮। "আমিনুদ্দিকে দেখিয়া সকলে স্তব্ধ হইয়া গিয়াছে।"
—এই স্তব্ধতার কারণ কী? (২)

**অথবা**

"আমারে নিবা মাঝি লগে?"
—কার উক্তি? মাঝিই বা কে? তার সঙ্গে সে কোথায় যেতে চায়? (০.৫ + ০.৫ + ১)

৯। প্রেমেন্দ্র মিত্রের 'মহানগর' গল্পে যে দুঃস্বপ্ন-নগরীর চিত্র উদ্‌ঘটিত হয়েছে তা আলোচনা করো। (১১)

**অথবা**

স্বাধীনতা-উত্তর ভারতবর্ষের রাজনীতি ও রাজনৈতিক নেতাদের দর্পণ 'চরণদাস এম. এল. এ' — আলোচনা করো। (১১)

১০। "এতদিন বাদে আরতির আয়তসুন্দর চোখ দুটি জলে ভরে উঠেছে।"
—আরতি কে? প্রসঙ্গটি ব্যাখ্যা করো। (১ + ৩)

**অথবা**

"সকলে যেখানে বাঁচিতে চায়, লাখ মানুষের জীবিকা একা জমাইতে চায় কিন্তু কাহাকেও বাঁচাইতে চায় না সেখানে সে বাঁচিবে কিসের জোরে?"
—কার কথা বলা হচ্ছে? প্রসঙ্গটি কী? (১ + ৩)

১১। ‘স্বপ্নের মৃত্যু হয়, তবু স্বপ্ন মরে না’ — ‘বেঁচে থাকা’ গল্প অবলম্বনে উক্তিটি বিচার করো। (১১)

**অথবা**

শাহের স্ত্রী এবং শাহের কঞ্জরী — এই দুই নারী আসলে একই অসম্মানের শিকার। পাঠ্য গল্পটি অবলম্বনে উক্তিটি বিশ্লেষণ করো। (১১)

১২। ‘‘সেই লোকটা, যে পনেরো বছর ধরে নিজের পায়ের ওপর দাঁড়িয়ে থেকে গেছে, সে আজ উপুড় হয়ে শুয়ে।’’
—লোকটার পরিচয় দাও। সে কোথায় শুয়ে ছিলো? (২ + ২)

**অথবা**

‘‘উর্দিটা ভরা ছোপ ছোপ কালো দাগ।’’
—উর্দিটা কার কাছে ছিলো? উর্দিটার পরিচয় দাও? (১ + ৩)

—————— × ——————

# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College affiliated to University of Calcutta)

**B.A./B.Sc. FIFTH SEMESTER EXAMINATION, DECEMBER 2015**

**THIRD YEAR**

**BENGALI (Honours)**

Date : 14/12/2015

Time : 25 mins

Paper : V

Full Marks : 16

Reg. No :____________________________ Admit Roll No. : ____________________________

বিভাগ 'খ' এর উত্তর নির্দিষ্ট উত্তরপত্রের মধ্যে দেওয়ার জন্য ছাত্ররা সময় পাবে পরীক্ষা শুরুর প্রথম ২৫ মিনিট। ২৫ মিনিট পর পরীক্ষা-পরিদর্শকরা বিভাগ 'খ' এর উত্তরপত্র সংগ্রহ করবেন ছাত্রদের কাছ থেকে।

**বিভাগ - খ**

সঠিক উত্তরটির পাশে (✓) চিহ্ন বসাও ঃ

অ) নিম্নরেখ পদগুলির কারক-বিভক্তি নির্ণয় কর ঃ (০.৫ × ১৬)

১। সে মৃত্যুকে ভয় পায় না।

ক) কর্ম কারকে 'কে' বিভক্তি। খ) করণ কারকে 'কে' বিভক্তি।

গ) অপাদান কারকে 'কে' বিভক্তি। ঘ) অধিকরণ কারকে 'কে' বিভক্তি।

২। ছেলেরা বল খেলে।

ক) কর্ম কারকে 'শূন্য' বিভক্তি। খ) করণ কারকে 'শূন্য' বিভক্তি।

গ) অপাদান কারকে 'শূন্য' বিভক্তি। ঘ) অধিকরণ কারকে 'শূন্য' বিভক্তি।

৩। এ জমি লইব কিনে।

ক) কর্তৃ কারকে 'শূন্য' বিভক্তি। খ) কর্ম কারকে 'শূন্য' বিভক্তি।

গ) করণ কারকে 'শূন্য' বিভক্তি। ঘ) অধিকরণ কারকে 'শূন্য' বিভক্তি।

৪। সে ভয়ে কাঁপছে।

ক) কর্ম কারকে 'এ' বিভক্তি। খ) করণ কারকে 'এ' বিভক্তি।

গ) নিমিত্ত কারকে 'এ' বিভক্তি। ঘ) অপাদান কারকে 'এ' বিভক্তি।

৫। বাবা বাড়ী নেই।

ক) কর্ম কারকে 'শূন্য' বিভক্তি। খ) করণ কারকে 'শূন্য' বিভক্তি।

গ) অপাদান কারকে 'শূন্য' বিভক্তি। ঘ) অধিকরণ কারকে 'শূন্য' বিভক্তি।

৬। বুলবুলিতে ধান খেয়েছে

ক) কর্তৃ কারকে 'তে' বিভক্তি। খ) কর্ম কারকে 'তে' বিভক্তি।

গ) করণ কারকে 'তে' বিভক্তি। ঘ) অধিকরণ কারকে 'তে' বিভক্তি।

৭। অরিন্দম কহিলা বিষাদে

ক) কর্ম কারকে 'এ' বিভক্তি। খ) করণ কারকে 'এ' বিভক্তি।

গ) নিমিত্ত কারকে 'এ' বিভক্তি। ঘ) অধিকরণ কারকে 'এ' বিভক্তি।

৮। কত হেরিলাম মনোহর ধাম

ক) কর্ম কারকে 'শূন্য' বিভক্তি। খ) করণ কারকে 'শূন্য' বিভক্তি।

গ) অপাদান কারকে 'শূন্য' বিভক্তি। ঘ) অধিকরণ কারকে 'শূন্য' বিভক্তি।

৯। বাংলার মুখ আমি দেখিয়াছি

ক) কর্ম কারকে ‘র’ বিভক্তি। খ) করণ কারকে ‘র’ বিভক্তি।

গ) সম্বন্ধ পদে ‘র’ বিভক্তি। ঘ) সম্বোধন পদে ‘র’ বিভক্তি।

১০। মাসি, মেটে আলু রান্না কর।

ক) কর্তৃ কারকে ‘শূন্য’ বিভক্তি। খ) কর্ম কারকে ‘শূন্য’ বিভক্তি।

গ) সম্বন্ধ পদে ‘শূন্য’ বিভক্তি। ঘ) সম্বোধন পদে ‘শূন্য’ বিভক্তি।

১১। সবারে করি আহ্বান।

ক) কর্তৃ কারকে ‘রে’ বিভক্তি। খ) কর্ম কারকে ‘এ’ বিভক্তি।

গ) কর্ম কারকে ‘রে’ বিভক্তি। ঘ) কর্ম কারকে ‘কে’ বিভক্তি।

১২। দুধে দই হয়।

ক) কর্ম কারকে ‘এ’ বিভক্তি। খ) করণ কারকে ‘এ’ বিভক্তি।

গ) অপাদান কারকে ‘এ’ বিভক্তি। ঘ) অধিকরণ কারকে ‘এ’ বিভক্তি।

১৩। শিক্ষক মহাশয় ছাত্রকে বেত মারলেন।

ক) কর্ম কারকে ‘শূন্য’ বিভক্তি। খ) করণ কারকে ‘শূন্য’ বিভক্তি।

গ) অপাদান কারকে ‘শূন্য’ বিভক্তি। ঘ) অধিকরণ কারকে ‘শূন্য’ বিভক্তি।

১৪। জানলা দিয়ে মিছিল দেখি।

ক) করণ কারকে ‘দিয়ে’ অনুসর্গ। খ) কর্ম কারকে ‘দিয়ে’ অনুসর্গ।

গ) অপাদান কারকে ‘দিয়ে’ অনুসর্গ। ঘ) অধিকরণ কারকে ‘দিয়ে’ অনুসর্গ।

১৫। বৃথা এ সাধনা ধীমান।

ক) কর্তৃ কারকে ‘শূন্য’ বিভক্তি। খ) কর্ম কারকে ‘শূন্য’ বিভক্তি।

গ) সম্বন্ধ পদে ‘শূন্য’ বিভক্তি। ঘ) সম্বোধন পদে ‘শূন্য’ বিভক্তি।

১৬। কাজের লোক পাওয়া দুষ্কর।

ক) কর্তৃ কারকে ‘এর’ বিভক্তি। খ) কর্ম কারকে ‘এর’ বিভক্তি।

গ) সম্বন্ধ পদে ‘এর’ বিভক্তি। ঘ) সম্বোধন পদে ‘এর’ বিভক্তি।

আ) ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় কর ঃ (০.৫ × ১৬)

১। বীণাপাণি—

ক) বীণার নিমিত্ত পাণি (নিমিত্ত তৎপুরুষ) খ) বীণার ন্যায় পাণি (উপমান কর্মধারয়)

গ) বীণা পাণির ন্যায় (উপমিত কর্মধারয়) ঘ) বীণা পাণিতে যাহার (বহুব্রীহি)

২। পঙ্কজ—

ক) পঙ্ক দ্বারা জাত (করণ তৎপুরুষ) খ) পঙ্গে জন্মে যাহা (উপপদ তৎপুরুষ)

গ) পঙ্কে জন্ম যাহার (বহুব্রীহি) ঘ) পঙ্ক হইতে জাত (অপাদান তৎপুরুষ)

৩। অরিন্দম—

ক) অরিকে দমন (কর্মতৎপুরুষ) খ) অরি দ্বারা দমন (করণ তৎপুরুষ)

গ) অরি হইতে দমন (অপাদান তৎপুরুষ) ঘ) অরিকে দমন করে যে (উপপদ তৎ পুরুষ)

৪। পঞ্চবটী—

ক) পঞ্চ বট যাহার (বহুব্রীহি) খ) পঞ্চ বটের সমাহার (দ্বিগু)

গ) পঞ্চ যে বট (কর্মধারয়) ঘ) পঞ্চের জন্য বট (নিমিত্ত তৎপুরুষ)

৫। সিংহাসন—

ক) সিংহ চিহ্নিত আসন (মধ্যপদলোপী কর্মধারয়)

খ) সিংহের ন্যায় আসন (উপমান কর্মধারয়)

গ) সিংহ আসনের ন্যায় (উপমিত কর্মধারয়)

ঘ) সিংহ রূপ আসন (রূপক কর্মধারয়)

৬। নির্লজ্জ—

ক) নয় লজ্জা (নঞ্ তৎপুরুষ)

খ) নাই লজ্জা যাহার (নঞ্ বহুব্রীহি)

গ) লজ্জার অভাব (উপসর্গ তৎপুরুষ)

ঘ) লজ্জা দ্বারা হীন (করণ তৎপুরুষ)

৭। নীলাকাশ—

ক) নীলের ন্যায় আকাশ (উপমান কর্মধারয়)

খ) নীল আকাশ যাহার (বহুব্রীহি)

গ) নীল যে আকাশ (কর্মধারয়)

ঘ) নীল আকাশের ন্যায় (উপমিত কর্মধারয়)

৮। বিদ্যাহীন—

ক) বিদ্যা নাই যাহার (নঞ্ বহুব্রীহি)

খ) বিদ্যা হইতে হীন (অপাদান তৎপুরুষ)

গ) বিদ্যাতে হীন (অধিকরণ তৎপুরুষ)

ঘ) বিদ্যা দ্বারা হীন (করণ তৎপুরুষ)

৯। পাঠাগার—

ক) পাঠের দ্বারা আগার (করণ তৎপুরুষ)

খ) পাঠ হইতে আগার (অপাদান তৎপুরুষ)

গ) পাঠের নিমিত্ত আগার (নিমিত্ত তৎপুরুষ)

ঘ) পাঠ করা হয় যেখানে (বহুব্রীহি)

১০। গোমুখ—

ক) গো এর ন্যায় মুখ (উপমান কর্মধারয়)

খ) গো মুখের ন্যায় (উপমিত কর্মধারয়)

গ) গো এর ন্যায় মুখ যাহার (উপমান বহুব্রীহি)

ঘ) গো এর মুখের ন্যায় মুখ যাহার (উপমান বহুব্রীহি)

১১। দেশান্তর—

ক) দেশের অন্তর (সম্বন্ধ তৎপুরুষ)

খ) দেশ হইতে অন্তর (অপাদান তৎপুরুষ)

গ) অন্য দেশ (নিত্য সমাস)

ঘ) দেশ অন্তর যাহার (বহুব্রীহি)

১২। রাজপথ—

ক) রাজার পথ (সম্বন্ধ তৎপুরুষ)

খ) পথের রাজা (সম্বন্ধ তৎপুরুষ)

গ) রাজার ন্যায় পথ (উপমান কর্মধারয়)

ঘ) রাজার গমনের পথ (মধ্যপদলোপী কর্মধারয়)

১৩। বাবাঠাকুর—

ক) বাবার ঠাকুর (সম্বন্ধ তৎপুরুষ)

খ) বাবা ঠাকুরের ন্যায় (উপমিত কর্মধারয়)

গ) বাবার পূজনীয় ঠাকুর (মধ্যপদলোপী কর্মধারয়)

ঘ) যিনি বাবা তিনি ঠাকুর (কর্মধারয়)

১৪। তুষারশুভ্র—

ক) তুষার আবৃত শুভ্র (মধ্যপদলোপী কর্মধারয়)

খ) তুষারের ন্যায় শুভ্র (উপমান কর্মধারয়)

গ) তুষার শুভ্রের ন্যায় (উপমিত কর্মধারয়)

ঘ) তুষার রূপ শুভ্র (রূপক কর্মধারয়)

১৫। কর্ণার্জুন—

ক) যিনি কর্ণ তিনি অর্জুন (কর্মধারয়)

খ) কর্ণ ও অর্জুন (দ্বন্দ্ব)

গ) কর্ণের ন্যায় অর্জুন (উপমান কর্মধারয়)

ঘ) কর্ণ অর্জুনের ন্যায় (উপমিত কর্মধারয়)

১৬। দশানন—

ক) দশ আননের সমাহার (দ্বিগু)

খ) দশ আনন যাহার (বহুব্রীহি)

গ) দশের আনন (সম্বন্ধ তৎপুরুষ)

ঘ) দশ ও আনন (দ্বন্দ্ব)

—————— × ——————